

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১.২০২

তারিখ: ৪ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি.

অফিস আদেশ

ইরেসপো কর্মসূচির মাঠ পর্যায়ের কর্মচারীদের প্রশংসনীয় বা অসাধারণ কাজের জন্য ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা-২০২২ (সংশোধিত) এ উৎসাহ ভাতা প্রদানের সংস্থান রাখা হয়েছে। নির্দিষ্ট অর্থবছরে সংশ্লিষ্ট কর্মচারী তার অর্জিত আয়ের উদ্বৃত্ত অংশ হতে এই উৎসাহ ভাতা প্রাপ্য হবেন। উৎসাহ ভাতা প্রদানের জন্য নিম্নোক্ত মানদণ্ড অনুসরণ করতে হবে:

ক) মাঠ সংগঠকগণের ক্ষেত্রে:

১. অর্থবছরে দায়িত্বহীন সমিতি'র আদায়যোগ্য ঋণ কমপক্ষে ৮০% কিস্তিতে আদায় অর্থাৎ সফটওয়্যারে OTR কমপক্ষে ৮০ হতে হবে এবং মাসে গড় আদায় (সফটওয়্যারের OTR) কমপক্ষে ৫০% হতে হবে;
২. তাঁর নিজের বিতরণকৃত ঋণ মেয়াদোত্তীর্ণ খেলাপী শূন্য হতে হবে;
৩. তাঁর দায়িত্ব গ্রহণের পূর্বের খেলাপী ঋণ হতে অর্থবছরে কমপক্ষে ২৫% আদায় নিশ্চিত করতে হবে।

খ) হিসাব সহকারী ও এআরডিওগণের ক্ষেত্রে:

১. সংশ্লিষ্ট উপজেলায় অর্থবছরে আদায়যোগ্য ঋণ কমপক্ষে ৭০% কিস্তিতে আদায় অর্থাৎ সফটওয়্যারে OTR কমপক্ষে ৭০ হতে হবে এবং মাসে গড় আদায় (সফটওয়্যারের OTR) কমপক্ষে ৫০% হতে হবে;
২. তাঁর কর্মকালীন উপজেলায় বিতরণকৃত মেয়াদোত্তীর্ণ ঋণ শূন্য হতে হবে;
৩. তাঁর দায়িত্ব গ্রহণের পূর্বের মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ হতে বছরে কমপক্ষে ২৫% আদায় নিশ্চিত করতে হবে।

কর্মসূচি তথা বিআরডিবি'র স্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


মোহাম্মদ রাশেদুল আলম

প্রকল্প পরিচালক

ফোন: ০২-৮১৮০১৪৪

iresppwad@gmail.com

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য :

১. উপপ্রকল্প পরিচালক (সকল), ইরেসপো, বিআরডিবি, ঢাকা
২. উপপরিচালক, বিআরডিবি (সংশ্লিষ্ট জেলা).....
৩. প্রোগ্রামার ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা
৫. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার (সংশ্লিষ্ট উপজেলা).....
৬. পরিচালক (পরিকল্পনা/সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা
৭. সহকারী পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো (সংশ্লিষ্ট উপজেলা).....
৮. অফিস নথি/গার্ড ফাইল।